দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

039

তারিখ 06 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 3

# পরীক্ষায় শৃংখলা ভঙ্গকারীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, গত ২৯ নভেম্বর অপরাহ্নে ২টায় ভিসি'র সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়-এর ডীন সমন্বয় গঠিত ডিগ্রী পরীক্ষা কেন্দ্র কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় চলতি ডিগ্রী পরীক্ষায় কিছু কিছু কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের নিয়ম মোতাবেক পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ার ও কিছু অবাঞ্ছিত ঘটনার অভিযোগ পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্ত নেয়া হয় যে, পরীক্ষার নিয়ম-শৃংখলা ভংগকারী সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের নিয়ম মোতাবেক কঠোর শাস্তি প্রদানের ব্যবস্থা করা হবে।